গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পাইকগাছা, খুলনা।
http://paikgasa.khulna.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.৪৭৬৪.০০১.০২.০০৬.২৩- ৫০

তারিখ ০২ মাঘ ১৪৩০ বঃ
১৬ জানুয়ারি ২০২৪ খ্রিঃ

## দরপত্র বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের "হস্তান্তরিত ফেরীঘাট ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্বৃত আয় বন্টন নীতিমালা-২০০৩ মোতাবেক খুলনা জেলার পাইকগাছা উপজেলার নিয়ন্ত্রণাধীন তালিকার আন্ত: ইউনিয়ন খেয়াঘাট সমূহের বাংলা ১৪৩১ সালের ০১লা বৈশাখ থেকে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছর সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্ত সকল আগ্রহী ব্যক্তির নিকট থেকে দরপত্র আহবান করা যাচ্ছে। উল্লেখ্য যে, ১ম দফায় শুধুমাত্র **" জন্মগত পেশাদার পাটনীগণের"** নিকট থেকে এবং ২য় দফা হতে ৫ম দফায় সর্বসাধারণের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তাধীনে নির্দিষ্ট ফরমে সিলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে ।

আন্তঃ ইউনিয়ন খেয়াঘাটপসমূহের নাম,সরকারি মূল্য এবং সিডিউলের মূল্য তালিকা নিম্নরুপঃ

| ক্রমিক নং | খেয়াঘাটের নাম | ১৪৩১ বঙ্গাব্দের সরকারি মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|
| ১. | লতা-দেলুটি-সোলাদানা খেয়াঘাট | ৫,৫০,০০০/- | ১,২০০/- |
| ২. | সোলাদানা ট্রলার ঘাট | ৯,০৭,৫০০/- | ১,২০০/- |
| ৩. | দারুন মল্লিক খেয়াঘাট ঘাট | ৬,৬৩,৩০০/- | ১,২০০/- |
| ৪. | খড়িয়া-বগুড়ার চক খেয়াঘাট | ৫৭,২০০/- | ৬০০/- |
| ৫. | লতা-দেলুটি খেয়াঘাট | ১৭,২৩৭/ | ২০০/- |
| ৬. | সোনাখালী- খড়িয়া খেয়াঘাট | ৫,২৮০/ | ২০০/- |
| ৭. | চৌমুহনী-খড়িয়া-পাতড়াবুনিয়া খেয়াঘাট | ৬৪,২৫৯/ | ৬০০/- |
| ৮. | আমুরকাটা-খড়িয়া খেয়াঘাট | ১,১১,২১০/- | ৮০০/ |
| ৯. | গড়ইখালী বেতবুনিয়া খেয়াঘাট | ১৬,৭৭,৫০০/- | ২,০০০/- |
| ১০. | লতা জিরবুনিয়া মুনকিয়া খেয়াঘাট | ১০১১/- | ২০০/- |

### দরপত্র বিজ্ঞপ্তির সময়সূচি :

| দফা | দরপত্র ক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | দরপত্র কমিটির সভার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ম দফা | ৩০/০১/২০২৪ বিকাল ৪.০০টা পর্যন্ত | ৩১/০১/২০২৪ দুপুর ০১.০০টা পর্যন্ত | ৩১/০১/২০২৪ বিকাল ০৩.০০টা পর্যন্ত | ০১/০২/২০২৪ সকাল ১১.০০ ঘটিকা | শুধুমাত্র"জন্মগত পেশাদার পাটনীগণের" জন্য |
| ২য় দফা | ১৪/০২/২০২৪ বিকাল ৪.০০টা পর্যন্ত | ১৫/০২/২০২৪ দুপুর ০১.০০টা পর্যন্ত | ১৫/০২/২০২৪ বিকাল ৩.০০টা | ১৮/০২/২০২৪ সকাল ১১.০০ ঘটিকা | সর্ব সাধারণের জন্য |
| ৩য় দফা | ২৮/০২/২০২৪ বিকাল ৪.০০টা পর্যন্ত | ২৯/০২/২০২৪ দুপুর ০১.০০টা পর্যন্ত | ২৯/০২/২০২৪ বিকাল ৩.০০টা | ০৩/০৩/২০২৪ সকাল ১১.০০ ঘটিকা | ঐ |
| ৪র্থ দফা | ১৯/০৩/২০২৪ বিকাল ৪.০০টা পর্যন্ত | ২০/০৩/২০২৪ দুপুর ০১.০০টা পর্যন্ত | ২০/০৩/২০২৪ বিকাল ৩.০০টা | ২১/০৩/২০২৪সকাল ১১.০০ ঘটিকা | ঐ |
| ৫ম দফা | ০৩/০৪/২০২৪ বিকাল ৪.০০টা পর্যন্ত | ০৪/০৪/২০২৪ দুপুর ০১.০০টা পর্যন্ত | ০৪/০৪/২০২৪ বিকাল ৩.০০টা | ০৪/০৪/২০২৪ বিকাল ৪.০০ ঘটিকা | ঐ |

শর্তাবলী ঃ

০১। দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত ছকে বর্ণিত আন্ত: ইউনিয়ন খেয়াঘাটসমূহ বাংলা ১৪৩১ সালের ০১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর সময়ের জন্য ইজারা প্রদান করা হবে ।

০২। দরপত্র ফরম (সিডিউল ) জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), সহকারী কমিশনার (ভূমি), পাইকগাছা, সোনালী ব্যাংক লি:, পাইকগাছা, সাব রেজিস্ট্রার, পাইকগাছা, পাইকগাছা থানা এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পাইকগাছা থেকে যে কোন কার্যদিবসে অফিস চলাকালিন সময়ে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে ।

০৩। দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত ছকে বর্ণিত নির্ধারিত তারিখ ও সময়ে জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা) ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পাইকগাছার অফিসে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র ফরম (সিডিউল) দাখিল করা যাবে। নির্ধারিত তারিখ ও সময়ে দরপত্র দাখিলকারীদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র বাক্স খোলা হবে।

০৪। দরপত্রের সাথে জামানত বাবদ উদ্ধৃত দরের ২৫% অর্থ জনতা ব্যাংক লিঃ, পাইকগাছা শাখার উপজেলা নির্বাহী অফিসার, পাইকগাছার চলতি হিসাব নং ৫৫০১/২ ( খেয়াঘাট) এর অনুকূলে ব্যাংক ড্রাফট দাখিল করতে হবে । কোন প্রকার নগদ অর্থ বা চেক বা পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নহে। দরপত্র গৃহীত না হলে জামানত বাবদ দাখিলকৃত ব্যাংক ড্রাফট ফেরতযোগ্য ।

মুহাম্মদ আল-আমিন
উপজেলা নির্বাহী অফিসার
পাইকগাছা,খুলনা।

০৫। সিলমোহরকৃত দরপত্র খামের উপর দরদাতার নাম, পিতার নাম ও পূর্ণ ঠিকানা (বর্তমান) এবং খেয়াঘাটের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। দরপত্র ফরমে কোন প্রকার কাটাকাটি/ ঘষামাজা থাকলে তা দরদাতা কর্তৃক স্বাক্ষরিত হতে হবে। অন্যথায় উহা গ্রহণযোগ্য হবে না বা বাতিল বলে গণ্য হবে।

০৬। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ১৯-০৪-২০০৩ খ্রি.তারিখের প্রজেই-২/ফ-১/২০০৩/২৬২(৫২৭২)নং স্মারকের" হস্তান্তরিত ফেরীঘাট ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্বৃত আয় বন্টন নীতিমালা-২০০৩" এর শর্ত মোতাবেক দরপত্র দাতা " জন্মগত পেশাদার পাটনি" হলে দরপত্র ফরম (সিডিউলের) সাথে " জন্মগত পেশাদার পাটনি" সম্পর্কে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক সদ্য স্বাক্ষরিত প্রত্যয়নপত্র (হালনাগাদ) সংযুক্তসহ, জাতীয় পরিচয়পত্রের (এনআইডি) ফটোকপি এবং সদ্য তোলা ০১(এক) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি সংযুক্ত করতে হবে।

০৭। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র চুড়ান্ত অনুমোদনের পর দরদাতাকে পরবর্তী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দাখিলকৃত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর ১৫% ভ্যাট ( কোড নং-১-১১৩৩-০০০১-০৩১১) এবং ১০% আয়কর ( কোড নং-১-১১৪১-০০৫৫-০১১১) খাতে বাংলাদেশ ব্যাংক/ সোনালী ব্যাংকে ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিয়ে চালানের মুল কপি উপজেলা নির্বাহী অফিসার, পাইকগাছার অফিসে দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ইজারার সমূদয় টাকা (দাখিলকৃত উদ্ধৃত দর, ভ্যাট এবং আয়কর) জমাদানে ব্যর্থ হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে নীতিমালা মোতাবেক জামানত বাজেয়াপ্তসহ ইজারা বাতিল করা হবে এবং যথাশীঘ্র উক্ত খেয়াঘাটের জন্য পুনরায় দরপত্র আহবানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। গৃহীত দরপত্রের সম্পূর্ণ অর্থ ( মোট ইজারামূল্য) মোট ইজারা মূল্যেও উপর ১৫% ভ্যাট এবং ১০% আয়কর পরিশোধ করার পর ইজারা বন্দোবস্ত কমিটির আহবায়ক এর পক্ষে " ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল ১৯৯১ " অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত নির্ধারিত ৩০০/(তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি সম্পাদনের মাধ্যমে ইজারাদারের অনুকুলে খেয়াঘাটের দখল বুঝিয়ে দেয়া হবে।

০৯। খেয়া নৌকা/ইঞ্জিনচালিত ট্রলারযোগে যাত্রীদের পারাপারের সু-ব্যবস্থার জন্য ইজারাদার নিজ খরচে অভিজ্ঞ মাঝি নিয়োগ করবেন এবং মানসম্মত উপযুক্ত নৌযান সরবরাহসহ যাত্রীদের উঠানামার জন্য রাস্তা, খেয়াঘাট ও যাত্রী ছাউনী নির্মাণ এবং রক্ষণাবেক্ষন করবেন। ইজারাদার নিজ খরচে খেয়াঘাট সংশ্লিষ্ট এলাকারর পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করবেন।

১০। ইজারাদার কোনক্রমেই ইজারাপ্রাপ্ত খেয়াঘাট অন্যের নিকট সাবলীজ বা বন্দোবস্ত দিতে পারবেন না। যদি অনুরুপ কার্যকলাপ বা চুক্তিপত্রের কোন শর্তের লঙ্ঘন ঘটে তবে ইজারাদারের ইজারা বাতিল বলে গন্য হবে এবং জমাকৃত টাকা বাজেয়াপ্ত হবে। তদুপরি ইজারাদার দন্ডিত হবে। এ ক্ষেত্রে অবশিষ্ট সময়ের জন্য সংশ্লিষ্ট খেয়াঘাট পুনরায় যথাশীঘ্র ইজারা প্রদানের ব্যবস্থা করা হবে।

১১। প্রতিদিন ভোর ৫.০০ টা থেকে রাত ১২.০০ টা পর্যন্ত যাত্রী পারাপারের ব্যবস্থা করতে হবে এবং রাতে যাত্রীদের পারাপারের সুবিধার্থে খেয়াঘাটে উপযুক্ত আলোর ব্যবস্থা রাখতে হবে।

১২। খেয়াঘাটের উভয় পাড়ে ইজারা প্রদানকারী প্রতিষ্ঠান (যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত )টোলরেট চার্ট ইজারাদার সর্বসাধারণের জ্ঞাতার্থে সহজে দর্শনীয় জায়গায় নোটিশ বোর্ড আকারে টানিয়ে রাখার ব্যবস্থা করবেন। ইজারাদার নির্ধারিত হারে টোল আদায় করতে বাধ্য থাকবেন। অতিরিক্ত পারানী/টোল আদায় প্রমানিত হলে নীতিমালা মোতাবেক ইজারা মূল্যের এক দশমাংশ পযন্ত জরিমানা এবং সর্বোচ্চ শাস্তি হিসাবে ইজারা বাতিল করা হবে।

১৩। খেয়াঘাট ইজারা প্রদানে এবং পরিচালনায় প্রযোজ্য যে সকল শর্ত দরপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত হয়নি কিন্তু সরকারের অন্য কোন আইন, বিধি, অধ্যাদেশ ও পরিপত্র ইত্যাদিতে উল্লেখ আছে সে সকল আইন, বিধি, আদেশ, বিধান ও শর্তাবলী ইজারাদারগণ মেনে চলতে বাধ্য থাকবেন ।খেয়াঘাটের কাযক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও যানবাহন এবং যাত্রীদের সহজে যাতায়াতের সুবিধার্থে স্থানীয় প্রশাসন কর্তৃক প্রদত্ত আদেশ নির্দেশও ইজারাদারকে মেনে চলতে হবে।

১৪। নীতিমালার শর্তাবলী, দরপত্র বিজ্ঞপ্তির শর্তাবলী, চুক্তিপত্রের শর্ত এবং ১৮৮৫ সালের বেঙ্গল ফেরী এ্যাক্ট এর বিধান ভংগ করলে ইজারা প্রদত্ত খেয়াঘাটের ইজারা বাতিলসহ জমাকৃত সমূদয় অর্থ বাজেয়াপ্ত করে পুনরায় ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫। তালিকায় বর্ণিত খেয়াঘাটসমূহ যে কোন প্রাকৃতিক দুর্যোগ বা মহামারি (ঘুর্ণিঝড়, বন্যা, সাইক্লোন, জলোচ্ছাস, নদী ভাঙ্গন, নদীর নাব্যতা হ্রাস অথবা করোনা ভাইরাসের মতো যে কোন ধরণের মহামারি ইত্যাদি) চলাকালিন দেশের সার্বিক অবস্থা বিবেচনায় প্রশাসন কর্তৃক যে কোন ধরণের আদেশের মাধ্যমে বা প্রাকৃতিকভাবে বন্ধ থাকলে ইজারাদার খেয়াঘাট বন্ধ থাকাকালিন ক্ষতিপূরণ বাবদ কোন র্অথ দাবী করতে পারবেন না।

১৬। ইজারা প্রদত্ত খেয়াঘাটের সন্নিকটে বিআইডব্লিউটিএ কর্তৃক কোন ঘাট স্থাপন করে যাত্রী পারাপার (আড়াআড়ি পারাপার ব্যতীত) করলে কিংবা সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক ফেরী স্থাপনের মাধ্যমে যানবাহন ও যাত্রী পারাপার করলে ইজারাদার ক্ষতিপূরণ দাবি করতে পারবেন না বা ইজারার শর্ত পরিবর্তনের জন্য কোন আবেদন করতে পারবেন না। এ প্রেক্ষাপটে কোন আবেদন বিবেচনা করা হবে না।

১৭। ইজারাদার ইজারা প্রাপ্ত খেয়াঘাটে খেয়া নৌকা/ ইঞ্জিন চালিত ট্রলারযোগে অবৈধ মালামাল , নেশা জাতীয় মাদক দ্রব্য পরিবহন করলে অথবা এ সকল কাজের সাথে সম্পৃক্ত থাকলে তার দায়ভার ইজারাদারের উপর বর্তাবে। এ প্রেক্ষাপটে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ দায়দায়িত্ব গ্রহণ করবে না।

১৮। উপজেলা নির্বাহী অফিসার, পাইকগাছা,খুলনার ওয়েব সাইট http://paikgasa.khulna.gov.bd হতে আন্তঃ ইউনিয়ন ইজারা সংশ্লিষ্ট যাবতীয় তথ্য জানা যাবে ।

মুহাম্মদ আল-আমিন
উপজেলা নির্বাহী অফিসার
পাইকগাছা, খুলনা।

১৯। সাধারণতভাবে সর্বোচ্চ দর গ্রহণ করা হবে । তবে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল বা পরিবর্তন বা পরিবর্ধন করার ক্ষমতা সংরক্ষণ করেন ।

১৬.০১.২৪
( মুহাম্মদ আল- আমিন )
উপজেলা নির্বাহী অফিসার
পাইকগাছা,খুলনা।
ফোন : ০২৪৭৭৭-৩১৬০৬
unopaikgacha@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.৪৭৬৪.০০১.০২.০০৬.২২- ৫০ (৫০)

তারিখ ০২ মাঘ ১৪৩০ বঃ / ১৬ জানুয়ারি ২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

১। বিভাগীয় কমিশনার, খুলনা
২। জেলা প্রশাসক, খুলনা
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাইকগাছা,খুলনা

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো।(জেষ্ঠ্যতার ভিত্তিতে নয় )

১। উপপরিচালক, স্থানীয় সরকার, খুলনা
২। মেয়র, পাইকগাছা পৌরসভা, পাইকগাছা
৩। সহকারী কমিশনার (ভূমি), পাইকগাছা, খুলনা
৪। অফিসার ইনচার্জ , পাইকগাছা থানা
৫। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, পাইকগাছা শাখা
৬। সাব রেজিস্ট্রার, পাইকগাছা, খুলনা
৭। চেয়ারম্যান, ইউনিয়ন, (সকল) পাইকগাছা, খুলনা
৮। জনাব
(প্রাক্তন ইজারাদার)
৯। নোটিশ বোর্ড।
১০। অফিস নথি

১৬.০১.২৪
( মুহাম্মদ আল-আমিন )
উপজেলা নির্বাহী অফিসার
পাইকগাছা,খুলনা।
ফোন : ০২৪৭৭৭-৩১৬০৬
unopaikgacha@mopa.gov.bd